



৭০ শতাংশ মানুষের মত উপেক্ষা করছে সরকার: গোলাম পরওয়ার



গোলাম পরওয়ার। ছবি: সংগৃহীত

বাংলাদেশ জামায়াতে ইসলামীর সেক্রেটারি জেনারেল মিয়া গোলাম পরওয়ার বলেছেন, সরকার গণভোটের রায় ও জনগণের মতামত উপেক্ষা করে বৈষম্যমূলক উন্নয়ন কার্যক্রম চালাচ্ছে। একই সঙ্গে গণমাধ্যমের স্বাধীনতায় হস্তক্ষেপ করে সমালোচনামূলক কণ্ঠ দমনের চেষ্টা চলছে বলেও অভিযোগ করেন তিনি। শনিবার সকালে সৈয়দপুর বিমানবন্দরে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে তিনি বলেন, নির্বাচনের আগে ‘হ্যাঁ’ ভোটের পক্ষে থাকলেও এখন সরকার গণভোটের ফল বাস্তবায়নে আগ্রহ দেখাচ্ছে না। তার দাবি, বিএনপি ক্ষমতায় গিয়ে ৭০ শতাংশ জনমতকে উপেক্ষা করছে।

গোলাম পরওয়ার আরও বলেন, উন্নয়ন কর্মকাণ্ডে আঞ্চলিক ও দলীয় প্রাধান্য দেওয়া হচ্ছে। তিনি সৈয়দপুর বিমানবন্দরকে আন্তর্জাতিক বিমানবন্দরে উন্নীত করার দাবি জানিয়ে বলেন, এটি উত্তরাঞ্চলের অর্থনৈতিক উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারে।

LENS ASIA